গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ,মৌলভীবাজার।

১৪২৪ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহবান বিজ্ঞপ্তি নং-০২

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১/৮৭০ এর মর্মানুযায়ী কমলগঞ্জ উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন হাট-বাজার সমূহ ১৪২৪ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন-বর্ণিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে তফসীলে বর্ণিত সময়ে দরপত্রে অংশগ্রহনের জন্য অনুরোধ করা হ'ল।

দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	দরপত্র দাখিলের স্থান
১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। ২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কমলগঞ্জ। ৩) উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ । ৪) কমলগঞ্জ থানা,কমলগঞ্জ। ৫) সোনালী ব্যাংক লিঃ, কমলগঞ্জ শাখা।	১) জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। ২) পুলিশ সুপারের কার্যালয়,মৌলভীবাজার। ৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ । ৪) উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ ।

দরপত্র ফরম ক্রয় ও দাখিল সংক্রান্ত তফসীলঃ

পর্যায় ক্রম	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	মন্তব্য
৫ম পর্যায়	১৮/০৪/২০১৭ বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	১৯/০৪/২০১৭ বেলা ০১.০০ টা।	১৯/০৪/২০১৭ বেলা ০১.৩০ টা।	
৬ষ্ঠ পর্যায়	২৩/০৪/২০১৭ বিকাল ০৫.০০ টা পযন্ত।	২৪/০৪/২০১৭ বেলা ০১.০০ টা।	২৪/০৪/২০১৭ বেলা ০১.৩০ টা।	৫ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য
৭ম পর্যায়	২৬/০৪/২০১৭ বিকাল ০৫.০০ টা পর্যন্ত।	২৭/০৪/২০১৭ বেলা ০১.০০ টা।	২৭/০৪/২০১৭ বেলা ০১.৩০ টা।	৬ষ্ঠ পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য

পরিশিষ্ট-ক (১৪২৪ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা)

ক্রঃ নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য
০১	চৈত্রঘাট বাজার	রহিমপুর	১৮,২১৭/-	৫০০/-
০২	রাণীর বাজার	আদমপুর	৫১,৮৫০/-	৫০০/-

১৪২৪ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। বাংলা ১৪২৪ সনের ১লা বৈশাখ হতে ১৪২৪ সনের ৩০ শে চৈত্র ১(এক)বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উলি- খিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মতে টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারা গ্রহীতা হাট-বাজারটি অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না ।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

(মোহাম্মদ মাহমুদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ,মৌলভীবাজার।
unokamalganj@gmail.com

স্মারক নং:-০৫.৪৬.৫৮৫৬.০০৪.০৩.০০৪.১৬/২৩৫(১০০) তারিখঃ- ১৩/০৪/২০১৭ খ্রিঃ।

অনুলিপি :- সদয় অবগতির জন্য।

০১। জনাব উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ ,মাননীয় জাতীয় সংসদ সদস্য,মৌলভীবাজার-৪ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।

০২। জনাব মোঃ আব্দুল মতিন, মাননীয় জাতীয় সংসদ সদস্য,মৌলভীবাজার-২ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ, কমলগঞ্জ।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।

০৭। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কমলগঞ্জ।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা/জুড়ী/কুলাউড়া/মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমংগল, মৌলভীবাজার।

১০। মেয়র, কমলগঞ্জ পৌরসভা।

১১। সহকারী কমিশনার(ভূমি) কমলগঞ্জ, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের জন্য ।

১২। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। অবগতি ও বহুল প্রচারের জন্য ।

১৩। অঞ্চলিক পরিচালক, রেডিও বাংলাদেশ, মীরের ময়দান, সিলেট। বিজ্ঞাপনটি সংবাদ বুলেটিন/স্থানীয় সংবাদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

১৪। চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ(সকল), কমলগঞ্জ । তাঁর ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারে ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী ১৯/০৩/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল ।

১৫। উপজেলা....................................কর্মকর্তা (সকল), কমলগঞ্জ । অবগতি ও বহুল প্রচারের জন্য।

১৬। পোষ্ট মাষ্টার/ষ্টেশন মাষ্টার, কমলগঞ্জ । বহুল প্রচারের জন্য।

১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,ইউনিয়ন ভূমি অফিস......................(সকল), কমলগঞ্জ । তাঁর অধিক্ষেত্রের বিভিন্ন হাট-বাজারে ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী ১৯/০৩/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হ'ল ।

১৮। জনাব...(প্রাক্তন ইজারাদার),পিতা...
গ্রামঃ................................ডাকঃ..উপজেলা- কমলগঞ্জ,জেলা-মৌলভীবাজার ।

১৯। নোটিশ বোর্ড/ অত্রাফিস ।

১৩/৪/১৭

উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।